

রাজনীতি

আওয়ামী লীগের সন্ত্রাসীরা এখন রিকশাচালক হিসেবে হাজির হয়েছে: চিফ হুইপ



প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৫:২৬ PM



রাজধানীতে অটোরিকশার বেপরোয়া চলাচল বেড়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। এ প্রসঙ্গে তিনি দাবি করেন, আওয়ামী লীগের পতিত সরকারের সন্ত্রাসীরা এখন রিকশাচালক হিসেবে কাজ করছে।

শুক্রবার (৯ অক্টোবর) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ থাইরয়েড সোসাইটির অষ্টম জাতীয় সম্মেলনে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন।

নূরুল ইসলাম মনি বলেন, এ বিষয়ে সরকার সিদ্ধান্ত নিলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যেতে পারে।

জাতীয় সংসদে ছয়টি আসন পাওয়া একটি রাজনৈতিক দলের নেতাদের বক্তব্যের সমালোচনা করে চিফ হুইপ বলেন, তাদের অনেকের বক্তব্য অশ্লীল। ৫ আগস্টের পর থেকে এ ধরনের বক্তব্য শুনতে হচ্ছে উল্লেখ করে তিনি রাজনৈতিক অঙ্গন থেকে অশ্লীলতা দূর করার আহ্বান জানান।

সরকার গঠনের পাঁচ-ছয় মাসের মধ্যে বিরোধী দলের লংমার্চ কর্মসূচির সমালোচনাও করেন তিনি। নূরুল ইসলাম মনি বলেন, দেশ যখনই সংকটে পড়েছে, তখন অর্থনীতি ও গণতন্ত্র হুমকির মুখে পড়েছে। প্রতিবারই বিএনপি দেশকে সংকট থেকে টেনে তুলেছে বলে দাবি করেন তিনি। তার ভাষ্য, বর্তমান সরকার সারা দেশে সুশাসন প্রতিষ্ঠায় দৃষ্টান্ত স্থাপন করেছে।

দেশে বিদ্যুৎ ও গ্যাসসংকটের জন্য শেখ হাসিনার সরকারের নীতিকে দায়ী করে চিফ হুইপ বলেন, বর্তমান সরকার এ সংকট মোকাবিলায় সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে।

হামের টিকা কার্যক্রম নিয়েও বক্তব্য দেন নূরুল ইসলাম মনি। তিনি বলেন, দুই বছর হামের টিকা দেওয়া হয়নি। যথাযথভাবে টিকা না দেওয়ার কারণে বর্তমান সরকারকে এর মাশুল দিতে হচ্ছে।

এ বিভাগের আরও খবর



সংখ্যালঘু-সংখ্যাগুরু নয়, সবার পরিচয় বাংলাদেশি: মাহফুজ আমিন
সংখ্যালঘু বা সংখ্যাগুরুর বিভাজন নয়, সব নাগরিকের সমান অধিকার, নিরাপত্তা, স্বাধীনতা ও মর্যাদা নিশ্চিত করে বাংলাদেশ গড়ে তুলতে চায় সরকার। ধর্মীয়...



ক্ষমতার জন্য নয়, রাজনীতি হতে হবে জনগণের অধিকার প্রতিষ্ঠার: মঈন খান
রাজনীতি শুধু ক্ষমতা অর্জনের জন্য নয়, বরং জনগণের অধিকার প্রতিষ্ঠা ও মানুষের কল্যাণ নিশ্চিত করার জন্য হতে হবে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার...



ডিএনসিসি প্রশাসকের বক্তব্যের প্রতিবাদ জামায়াতের, চাইলেন প্রমাণ
ডাক্তার উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান মিল্টনের বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে
বাংলাদেশ জামায়াতে ইসলামী। দ...



সরকারকে বেকায়দায় ফেলতে নাশকতার অপচেষ্টা চলছে: রিজভী
নির্বাসিত সরকারকে বেকায়দায় ফেলতে এবং দেশকে অস্থিতিশীল করতে বিভিন্ন ধরনের অপচেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন
বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধান...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/aoyami-liger-sntrasira-ekhn-rikshachalk-hisebe-hajir-hyechhe-chif-huip>